ভোরের কাগজ

৬/১১/২০০৩

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ১০ কলাম ৪

# বেসরকারি স্কুল শিক্ষকদের একশোভাগ বেতনভাতা প্রদানের বিষয়টি সরকারের বিবেচনায় আছে : শিক্ষামন্ত্রী

কাগজ প্রতিবেদক : শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক বলেছেন, বেসরকারি স্কুল শিক্ষকদের ১০০ ভাগ বেতনভাতা প্রদানের বিষয়টি সরকারের বিচেনায় রয়েছে। কারণ এটা বিএনপির নির্বাচনী প্রতিশ্রুতি ছিল। গত রোববার জাতীয় সংসদে সাংসদ রুস্তম আলী ফরাজীর এক প্রশ্নোত্তরে তিনি জানান, তবে এ বিষয়ে এখনে কোনো সিদ্ধান্ত নেয়নি সরকার।

অধ্যাপক শহীদুল ইসলামের অপর এক প্রশ্নের জবাবে স্বাস্থ্যমন্ত্রী ড. খন্দকার মোশাররফ হোসেন সংসদে বলেন, বিগত আওয়ামী লীগ সরকার আর ৫ বছর শাসনামলে কোনো প্রাথমিক স্কুল নিবন্ধন করেনি। প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ প্রধানমন্ত্রীর অধীনে থাকলেও প্রধানমন্ত্রীর পক্ষে স্বাস্থ্যমন্ত্রী এ প্রশ্নের জবাব দেন।

স্বাস্থ্যমন্ত্রী আরো জানান, বিগত বিএনপি সরকারের আমলে ১২ হাজার ২৩২টি প্রাথমিক স্কুল নিবন্ধন করা হয়। তারপর পরবর্তী সরকার এবার কোনো প্রাথমিক বিদ্যালয় নিবন্ধন করেনি।

নির্বাচনী প্রতিশ্রুতি অনুযায়ী নিবন্ধন করা স্কুলগুলো সরকারি করা হবে কিনা প্রশ্নোত্তরে স্বাস্থ্যমন্ত্রী বলেন, স্কুল শিক্ষকদের বেতন পর্যায়ক্রমে বৃদ্ধি করা হবে। তবে সরকারি করা হবে কিনা তা